



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি (সদাবিক)
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং : ৪৭.৬২.৫৮৮৩.১০০.১৮.০১০.২৩.২৩

তারিখ : ২৫/০১/২০২৪ খ্রিঃ।

উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), মৌলভীবাজার মহোদয়ের দপ্তর স্মারক নংঃ ৪৭.৬২.৫৮০০.৮২০.২০.১২৫.২৩.১১৯২ তারিখ : ৩০/১০/২০২৩ খ্রিঃ এর পরিপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল, মহোদয়ের সভাপতিত্বে বিগত ২৬/১২/২০২৩খ্রি. বিআরডিবি, সদাবিক এর মাঠ সহকারী নিয়োগ কমিটির সভার সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর আওতাধীন সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি (সদাবিক), শ্রীমঙ্গল উপজেলায় নিম্নোক্ত শর্ত সাপেক্ষে মাঠ সহকারী পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে শ্রীমঙ্গল উপজেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সাদা কাগজে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র নং	পদের সংখ্যা	পদের নাম	জাতীয় বেতন স্কেল, ২০১৫	শিক্ষাগত যোগ্যতা
০১.	০১ টি	মাঠ সহকারী	গ্রেড ১৬ (৯৩০০ - ২২৪৯০)	কোন স্বীকৃত বোর্ড হতে এসএসসি অথবা এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ বা সমমানের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন।

শর্তাবলী :

- প্রার্থীকে অবশ্যই শ্রীমঙ্গল উপজেলার স্থায়ী নাগরিক হতে হবে।
- প্রার্থীকে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার বরাবরে সাদা কাগজে স্ব-হস্তে লিখিত আবেদনপত্রে (ক) পদের নাম (খ) প্রার্থীর নাম (গ) পিতার নাম/ স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) (ঘ) মাতার নাম (ঙ) স্থায়ী ঠিকানা (চ) বর্তমান ঠিকানা ও মোবাইল নম্বর (যদি থাকে) (ছ) জাতীয় পরিচয় পত্র নম্বর (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) জন্ম তারিখ (জন্ম নিবন্ধন অনুযায়ী) (ট) বয়স (২৪/০১/২০২৪ তারিখে) (ঠ) অভিজ্ঞতা (ড) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার বিবরণ নিম্নোক্ত ছকে উল্লেখ করতে হবে।

পরীক্ষার নাম	শিক্ষা বোর্ড / বিশ্ববিদ্যালয়ের নাম	প্রাপ্ত বিভাগ/শ্রেণী/জিপিএ	উত্তীর্ণ হওয়ার বছর	শিক্ষা প্রতিষ্ঠানের নাম
০১	০২	০৩	০৪	০৫

০৩। প্রার্থীকে প্রথমশ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে (সুস্পষ্ট নাম ও পদবিসহ সীল) আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি A4 সাইজের কাগজে প্রেরণ করতে হবে।

- সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি।
- সংশ্লিষ্ট পৌরসভার মেয়র / ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ০১ (এক) কপি নাগরিকত্ব সনদপত্র।
- প্রার্থীর জাতীয় পরিচয় পত্র এর সত্যায়িত ফটোকপি।
- সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়াছবি।
- প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ০১ কপি চারিত্রিক সনদপত্র।

(চ) প্রার্থীকে সোনালী ব্যাংক লিঃ, শ্রীমঙ্গল শাখায়, সদাবিক, বিআরডিবি শিরোনামে এসটিডি হিসাব নং ৩৬০০০২১৮ তে নগদ =৫০০/- (পাঁচশত টাকা) জমা দিয়ে জমার মূল রসিদ আবেদনপত্রের সহিত সংযুক্ত করতে হবে।

০৪। প্রার্থীর বয়সসীমা আগামী ২৪/০১/২০২৪ খ্রিঃ তারিখে ১৮-৩৫ বছরের মধ্যে হতে হবে। বিভাগীয় প্রার্থীগণের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
০৫। আগামী ২২/০২/২০২৪খ্রিঃ এর মধ্যে আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র যাচাই বাচাই এর ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৬। লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টি.এ/ ডি.এ দেয়া হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদপত্রের মূলকপি কর্তৃপক্ষকে প্রদর্শন করতে হবে।

০৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত /বাতিল ও সময় পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৮। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ দায়ী হবে না। এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

- ০৯। মাঠ পর্যায়ে কাজ করার মানসিকতা ও সাইকেল/মোটর সাইকেল চালনার অভিজ্ঞতা থাকতে হবে।
- ১০। কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।
- ১১। প্রতিষ্ঠানের ঋণের আদায়কৃত সেবামূল্যের নির্ধারিত অর্থ দ্বারা বেতনভাতা পরিশোধযোগ্য এবং পদের নিয়োগ বদলীযোগ্য।
- ১২। শৃঙ্খলা পরিপন্থী কোন কাজ অথবা আর্থিক অনিয়মের দায়ে অভিযুক্ত মাঠসহকারীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ, চাকুরীচ্যুতকরণ ও প্রয়োজনে ফৌজদারী বিচার ব্যবস্থার সম্মুখীন করা যাবে।
- ১৩। এই নিয়োগ কোনভাবেই বিআরডিবি'র মূল কাঠামোর সম্পর্কযুক্ত নয় এবং বিআরডিবি'র রাজস্ব বাজেটভুক্ত হওয়ার জন্য কোন প্রকার দাবী পেশ করা যাবে না।


০৪/০২/২৪
নাজমুল হক

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

অনুলিপি :

- ০১। উপপরিচালক, বিআরডিবি, মৌলভীবাজার।
- ০২। চেয়ারম্যান উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ০৪। চেয়ারম্যান, শ্রীমঙ্গল ইউসিসিএ লি., শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ০৫। উপজেলা সমবায় অফিসার, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ০৬। উপজেলা যুব উন্নয়ন অফিসার, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ০৭। সম্পাদক, সপ্তাহিক-----খবরের কাগজ, শ্রীমঙ্গল শাখা। আপনার পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
- ০৮। সহকারী পল্লী উন্নয়ন অফিসার/ হিসাবরক্ষক, বিআরডিবি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ০৯। সংশ্লিষ্ট নথি।